

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
মিরপুর রোড শাখা, ঢাকা

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, বাড়ী নং- ১২, রোড নং- ০৫, ধানমন্ডি, ঢাকা-১২০৭ এর ঋণগ্রহীতা পুঙ্গ শ্রী পিস হাউজ, মালিক- মোঃ রমিজ উদ্দিন সরকার, পিতা-আব্দুল রহমান সরকার, ও মাতাঃরাফিয়া খাতুন, ব্যবসায়িক ঠিকানাঃ ৭১২/২২/বি/১, রোড # ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর ঢাকা, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ চাটুলী, ডাকঘরঃ শহরপুর, থানাঃ দেবীঘর, জেলা-কুমিল্লা; বর্তমান ঠিকানাঃ ফ্ল্যাট নম্বরঃ সি-৬০৩, বাসা-১৩/১৪, রোড ০৩, মনসুরাবাদ হাউজিং, আদাবর, ঢাকা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৮.১২.২০১৮ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৪১,৫৪,৮০৯.৯৩ (একচল্লিশ লাখ চুয়াল্ল হাজার আটশত নয় টাকা এবং তিরানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

01 (one) no. of flat being no.C-603 of House-13/14, Road-03, Monsurabad Housing, Adabor, Dhaka measuring **1120 sft.** (including car parking spaces) on the 6th floor (North-West side) and **01 (one) no. of car parking space** on the ground floor of total of a 09-storied residential building named **ARORA Height** along with undivided and undemarcated proportionate share of land measuring 0059.75 ajutangsha out of 9 katha or 1485 ajutangsha, having road access, **owned by Mr. Md. Romiz Uddin Sarker**, located at District-Dhaka, Police Station-Adabor & Sub-Registrar Office-Mohammadpur, Touzi of Dhaka Collectorate, **JL Nos:** CS-239, SA-95, RS-2, Dhaka City Survey-2, **"Mouza-Uttar Adabo"**, **Khatian Nos:** CS-87, 82, 74, SA-33, 37, 28, RS-143, 66, 86, Dhaka City Survey-656, Mutation-3520, **Jote No-41/12, Plot Nos:** CS & SA-17, 16, 29, RS-26, 27, 25, Dhaka City Survey-1006 of the layout plan of Monsurabad Residential Area bearing Plot No-13 & 14, Block-B, **within Dhaka City Corporation area.**

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১০.০১.২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাক যোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত সরবরাহ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা কে সমুদয় মূল্য পরি শোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতা কে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, ঢাকা।